

অ্যাণ্টির্যাগিং নিয়ে সচেতনতামূলক আলোচনা চক্র গড়বেতা কলেজে

পত্রিকা প্রতিনিধি : অ্যাণ্টি র্যাগিং নিয়ে এক সচেতনতামূলক আলোচনাচক্র ইল গড়বেতা কলেজে। শুভ্রবার অনুষ্ঠানের কর্তব্যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছত্র ইঞ্জিনীয়ের মৃত্যুতে এক মিনিট নীরবতা পালন করা হয়। আলোচনার সূচনা করেন কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার। তিনি কলেজের র্যাগিং বিশেষ সরকার কর্তৃত ব্যবস্থার কথা উল্লেখ করেন। এছাড়াও কলেজের প্রথম বর্ষের নবাগত ছাত্রদের কলেজের

নিরমকানুন নিয়ে বিজ্ঞায়িত ভাবে জানান ও সিনিয়রদের মাঝিক ও কর্তব্য নিয়ে সচেতন করেন। অ্যাণ্টি র্যাগিং সম্পর্কিত আইন বিষয়ে বিশেষ আলোচনা করেন গড়বেতা কোর্টের সিনিয়র অ্যাডভোকেট তথা কলেজের প্রাচৰনী শ্যামল কুমার মহাপ্রাপ্ত। গড়বেতা ঘানার ওপি অঞ্জনি কুমার তেওয়ারি র্যাগিংয়ের শাস্তির ধারা ও অন্যান্য বিষয়ে সচেতন করে কলেজ জীবন ভালভাবে কাটানোর জন্য পরামর্শ দেন। অনুষ্ঠান

পরিচালনা করেন কলেজের অ্যাণ্টি র্যাগিং সেলের মুখ্য আয়োজক অধ্যাপক মানস কুমার রাণা ও এন সি সি মেজর তমাল সে। অনুষ্ঠান সমাপ্তনা করেন কলেজ পরিচালন সমিতির সদস্য সোমা সামুদ্র। উপর্যুক্ত হিসেবে পরিচালন সমিতির সদস্য শাস্তিময় পাত্র সহ কলেজের অন্যান্য শিক্ষক- শিক্ষিকা, শিক্ষা কর্মী সহ প্রায় ২৫০ জন। অনুষ্ঠান শেষে বন্ধুবাদ জ্ঞাপন করেন চিতার্স কাউন্সিলের সম্পাদক ড. শাজেদ বিশ্বাস।



র্যাগিং রুখতে সচেতনতা শিবিরের আয়োজন কলেজে নিজস্ব সংবাদদাতা **গড়বেতা**

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র মৃত্যু ঘিরে
তোলপাড় চলছে। সামনে এসেছে

র্যাগিং তত্ত্ব। এই আবহে র্যাগিং রুখতে
পুরনো ও নবাগত ছাত্রছাত্রীদের নিয়ে
সচেতনতা শিবিরের আয়োজন করল
গড়বেতা কলেজ। শুক্রবার গড়বেতা
কলেজের অ্যান্টি র্যাগিং সাব কমিটির
উদ্যোগে এই শিবির হয়।

কলেজের সেমিনার হলে
আয়োজিত এই শিবিরে র্যাগিং
নিয়ে বিস্তারিত আলোচনা করেন
প্রবীণ আইনজীবী শ্যামল মহাপাত্র
ও গড়বেতা থানার ওসি অঞ্জনী
তিওয়ারি। র্যাগিংয়ের ইতিহাস, তার
আইনি দিক, শাস্তির ধারা সহ র্যাগিং
নিয়ে বিস্তারিত আলোচনা করেন
তাঁরা। শুরুতে এ ধরনের শিবিরের
উদ্দেশ্য ব্যাখ্যা করে বক্তৃতা করেন
অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। তিনি
বলেন, "সম্পূর্ণ র্যাগিং মুক্ত গড়বেতা

কলেজ, কলেজ ক্যাম্পাস তো বটেই,
তিনটি হস্টেলেও সিসি ক্যামেরার
নজরদারিতে আছে। এই কলেজে
অ্যান্টি র্যাগিং কমিটি ও ইন্টারনাল
কম্প্লেক্স সেল (আইসিসি) আছে।"

শিবির শুরুর আগে যাদবপুরে মৃত
ছাত্রের স্মৃতিতে সমবেদনা জানিয়ে
এক মিনিট নীরবতা পালন করা হয়।
শিবিরে ছিলেন কলেজের প্রথম বর্ষের
নবাগত ছাত্রছাত্রীদের সঙ্গে পুরনো
ছাত্রছাত্রীরাও। কলেজের অধ্যক্ষ
নবাগত ও পুরনো ছাত্রছাত্রীদের সামনে
কলেজের নিয়ম শৃঙ্খলা, দায়িত্ব ও
কর্তব্য নিয়ে বিস্তারিত আলোচনা
করেন। শিবির পরিচালনা করেন
কলেজের অ্যান্টি র্যাগিং কমিটির
যুগ্ম আহবায়ক মানসকুমার রানা ও
এনসিসি বিভাগের মেজর তমাল দে।